

## বেসরকারি মেডিক্যাল কলেজের জন্য আইনী কাঠামো হচ্ছে

### ● বগড়ায় হাসপাতাল উদ্বোধনকালে স্বাস্থ্য উপদেষ্টা

॥ বগড়া অফিস ॥

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ উপদেষ্টা ড. এ এম এম শওকত আলী বলেছেন, স্বাস্থ্য খাতকে অপেশাদার স্যেক্টরের হাতে দেয়া যায় না। তিনি বলেন, হাসপাতাল চালাতে হলে দক্ষ জনশক্তির প্রয়োজন। সেজন্য মেডিক্যাল কলেজ করতে হবে। তবে সাধারণ বিশ্ববিদ্যালয়ের মত কোর্সের মাধ্যমে মেডিক্যাল কলেজ করা উচিত নয়। সেটা হবে আত্মঘাতী। এজন্য আমরা একটি আইনী কাঠামো তৈরি করার চেষ্টা করছি, যে কাঠামোর আওতায় এই অনুমতি বেসরকারি ব্যতে দেয়া হবে। গতকাল শনিবার সকালে বগড়ার শহরতলী মর্টিডালিতে বাংলাদেশ ডায়ালটিক সমিতি ও নেদারল্যান্ড সরকারের যৌথ সহযোগিতায় নির্মিত ৩২ শয্যার বগড়া স্বাস্থ্যসেবা হাসপাতালের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

বগড়া ডায়ালটিক সমিতির সভাপতি শিল্পপতি আমজাদ হোসেন তারকার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন ডায়ালটিক সমিতির জাতীয় নির্বাহী কমিটির সদস্য মেম্বর জেনারেল (অবঃ) অধ্যাপক এ আর খান ও নেদারল্যান্ডের রত্নমুত বিদ্যা এম টেন তুপার। এছাড়া বক্তব্য রাখেন ডায়ালটিক সমিতির মহাসচিব মোহাম্মদ সাইফ উদ্দিন, বগড়া জেলা প্রশাসক মোঃ হুমায়ূন কবির প্রমুখ।

এসমত, বগড়া স্বাস্থ্যসেবা হাসপাতালটি এক একর জায়গার উপর নির্মাণ করা হয়েছে। ৪ কোটি ৩২ লাখ টাকা ব্যয়ে অবকাঠামো ও ৫ কোটি টাকার যন্ত্রপাতি বসানো এই হাসপাতালটি ভবিষ্যতে ১৮ শয্যায় উন্নীত করা হবে।